

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক আয়োজিত “Energy Regulatory Regime: Lessons for Bangladesh” শীর্ষক সেমিনার।

বিদ্যুৎ উৎপাদন এবং বিদ্যুৎ, গ্যাস সম্পদ ও পেট্রোলিয়ামজাত পদার্থের সঞ্চালন, পরিবহন ও বাজারজাতকরণে বেসরকারি বিনিয়োগের অনুকূল পরিবেশ সৃষ্টি, উক্ত খাতে ব্যবস্থাপনা, পরিচালনা ও ট্যারিফ নির্ধারণে স্বচ্ছতা আনয়ন, ভোক্তার স্বার্থ সংরক্ষণ ও প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টির লক্ষ্যে একটি স্বাধীন ও নিরপেক্ষ প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন প্রতিষ্ঠিত হয়। কমিশন এনার্জি সেক্টরে প্রতিযোগিতামূলক ও বিনিয়োগবান্ধব এনার্জি বাজার তৈরিপূর্বক সকলের জন্য টেকসই, নিরাপদ ও পরিচ্ছন্ন এনার্জি প্রাপ্তি নিশ্চিতকরণ তথা এনার্জি নিরাপত্তা বিধানে কাজ করছে।

এনার্জি রেগুলেটরী কার্যক্রমকে আরও সমন্বিত ও ফলপ্রসূ করার নিমিত্ত বিভিন্ন দেশের রেগুলেটরী অভিজ্ঞতা বিনিময়ের উদ্দেশ্যে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ৩১ আগস্ট ২০১৭ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.৩০ মিনিটে প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল “Energy Regulatory Regime: Lessons for Bangladesh” শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে।


সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মূল্যবান বক্তব্য রাখেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, মুখ্য সমন্বয়ক, এসডিজি, প্রধানমন্ত্রীর কার্যালয়; সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থেকে দীর্ঘ কর্মজীবনের অভিজ্ঞতা তুলে ধরেন ভারতের সাবেক বিদ্যুৎ সচিব জনাব হরি শংকর ব্রাহ্মা। বিশেষ অতিথির বক্তৃতায় এনার্জি রেগুলেটরী বিষয়ের উপর প্রাসংগিক আলোকপাত করেন জনাব নাজিমউদ্দিন চৌধুরী, সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ড. আহমদ কায়কাউস, সচিব, বিদ্যুৎ বিভাগ এবং জনাব মোঃ সফিউল ইসলাম (মহিউদ্দিন), সভাপতি, এফবিসিসিআই প্রমুখ। কমিশনের চেয়ারম্যান জনাব মনোয়ার ইসলাম সেমিনারের সভাপতিত্ব করেন।

সেমিনারে ‘Regulatory Regime in Indian Power Sector’ শিরোনামে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ভারতের কেন্দ্রীয় সরকারের সাবেক বিদ্যুৎ সচিব জনাব আর ভি শাহী। প্যানেল আলোচক হিসেবে মূল প্রবন্ধের উপর আলোচনা করেন জনাব আবু হেনা মোহাম্মদ রাহমাতুল মুনীম, চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন; মেজর জেনারেল মইনুদ্দিন, চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড; জনাব আবুল মনসুর মোঃ ফয়জুল্লাহ, এনডিসি, চেয়ারম্যান, পেট্রোবাংলা; জনাব এএসএম আলমগীর কবির, সাবেক চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড প্রমুখ।

সেমিনারে বক্তৃতা টেকসই জ্বালানি নিরাপত্তা এবং জ্বালানি খাতের সুশাসন নিশ্চিত করার জন্য বিইআরসি’র কার্যক্রমকে আরও গতিশীল করার আহ্বান জানান।

অনুষ্ঠানে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ বাংলাদেশ এনার্জি এন্ড পাওয়ার রিসার্চ কাউন্সিল, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, পাওয়ার সেল, বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট, হাইড্রোকার্বন ইউনিট, পেট্রোবাংলা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনসহ এনার্জি সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের এনার্জি বিষয়ের গবেষকগণ উপস্থিত ছিলেন। এছাড়া বাংলাদেশ উন্নয়ন অবকাঠামো খাতে নিয়োজিত বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক উন্নয়ন অংশীদারগণের প্রতিনিধিরা সেমিনারে অংশগ্রহণ করেন।

সেমিনারে মিডিয়া পার্টনার হিসেবে চ্যানেল আই, রেডিও পার্টনার হিসেবে রেডিও টুডে এবং সোশ্যাল মিডিয়া পার্টনার হিসেবে ফ্যাটমংক অংশগ্রহণ করে।

  
ড. মোঃ দিদারুল আলম  
উপপরিচালক (উপসচিব)  
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন